দৈনিক ইনকিলাব

ঢাকা, মঙ্গলবার ৯ মাঘ ১৪০৮, ২২ জানুয়ারী ২০০২

বেনবেইসের ওয়েবসাইট উদ্বোধন

# ২৭ বছর বিশ্বব্যাংকে কাজ করেও এত কাগজ পড়তে হয়নি শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ঃ গত (রবিবার) শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক বলেছেন, তথ্য-প্রযুক্তির বিপ্লবের যুগে শিক্ষা মন্ত্রণালয়ে এখনো ফাইল ওয়ার্ক করতে করতেই ক্লান্ত হয়ে যেতে হয়। ২৭ বছর বিশ্বব্যাংকে কাজ করেও আমাকে এতো কাগজ পড়তে ও দস্তখত করতে হয়নি। এই পশ্চাৎপদতা কাটিয়ে উঠতে বেনবেইসের ওয়েবসাইট আমাদেরকে তথ্য-প্রযুক্তির উন্নত যুগের দ্বারপ্রান্তে পৌছে দিয়েছে। বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা ও শিক্ষাঙ্গনের উন্নয়নে এখন বেনবেইসের এই প্রযুক্তিগত সাফল্যকে কাজে লাগাতে হবে।

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (বেনবেইস)-এর ওয়েবসাইট (WWW.banbeig)-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। অনুষ্ঠানে শিক্ষা প্রতিমন্ত্রী আ.ন.ম এহসানুল হক মিলন ও শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিন্টু বিশেষ অতিথি ছিলেন। শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বেনবেইসের পরিচালক প্রফেসর আব্দুস সালাম স্বাগত বক্তব্য রাখেন। শিক্ষামন্ত্রী মন্ত্রণালয়ের কাজে বেনবেইসের ওয়েবসাইটের তথ্যের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে মন্ত্রণালয়ের ৭০টি কম্পিউটার কি অবস্থায় আছে, তা তদন্ত করে বেনবেসইকে অবিলম্বে রিপোর্ট দিতে বলেন।

আ.ন.ম এহসানুল হক মিলন বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের মার্ত বেনবেইস।